১৫

দৈনিক বাংলা

তারিখ ..0 9 MAR 1995 ... ...
পৃষ্ঠা ২ কলাম ...৫....

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
১ নং সোনারগাঁও রোড (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
ফোন ঃ ৫০৭৫৩৭, ৫০৭২৪৪, ৫০২০৭৮

# বেসরকারী স্বীকৃতিপ্রাপ্ত স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক/ কর্মচারীর বেতনের সরকারী অংশ (অনুদানভুক্ত) প্রদান বিষয়ে জরুরী বিজ্ঞপ্তি

যে সকল স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসা তাহাদের শিক্ষক/কর্মচারীর বেতনের সরকারী অংশ প্রাপ্তির (এমপিও ভুক্তির) জন্য শিক্ষা মন্ত্রণালয়ের চিঠি পাওয়ার পর এখনও প্রয়োজনীয় কাগজপত্রাদি ব্যানবেইস অফিসে জমা দেন নাই সেই সকল প্রতিষ্ঠান প্রধানকে নিম্নে বর্ণিত কাগজপত্রাদি ৩১শে মার্চ, ১৯৯৫-এর মধ্যে ব্যানবেইসের পরিচালক বরাবর প্রেরণের অনুরোধ করা যাইতেছে। চলতি কোয়ার্টার বর্তমান অর্থবৎসরের ৪র্থ ও শেষ কিস্তি বিধায় বর্ণিত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কাগজপত্র জমা না দিলে এমপিও ভুক্তি করা সম্ভব হইবে না। ব্যানবেইস কর্তৃক এমপিও ভুক্ত প্রতিষ্ঠানে কর্মরত অনুদানবিহীন শিক্ষক/কর্মচারীদের কাগজপত্রও একই তারিখের মধ্যে প্রেরণ করিতে হইবে।

<u>এমপিও ভুক্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদির তালিকা</u> ঃ

(ক) শিক্ষা মন্ত্রণালয়ের অনুদান সংক্রান্ত চিঠির সত্যায়িত কপি।

(খ) শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের সাথে প্রেরিত অংগীকারপত্র স্বাক্ষরিত ও সীলমোহরকৃত (৫০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে)।

(গ) ১৯৯৩ইং সালে ব্যানবেইস কর্তৃক সম্পাদিত জরিপ ফরমের সত্যায়িত কপি। জরিপ না হইয়া থাকিলে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার কর্তৃক জরিপকৃত স্বাক্ষরিত জরিপ ফরম (স্কুল ও মাদ্রাসার জন্য প্রযোজ্য) কলেজের ক্ষেত্রে জরিপ না হইয়া থাকিলে ব্যানবেইস পরিচালক বরাবর জরিপের জন্য অতিসত্বর আবেদন করিতে হইবে।

(ঘ) সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কমিটির অনুমোদনপত্রের সত্যায়িত কপি।

(ঙ) স্বীকৃতি/নবায়নপত্রের সত্যায়িত কপি।

(চ) ম্যানেজিং কমিটি কর্তৃক নিয়োগ অনুমোদনের সত্যায়িত কপিসহ নিয়োগ সংক্রান্ত প্রয়োজনীয় সকল কাগজপত্র।

(ছ) নিয়োগপত্র ও যোগদানপত্র।

(জ) শিক্ষক/কর্মচারীদের চাকরি বিবরণী ফরম জেলা শিক্ষা অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত। (অনুদানভুক্ত ও অনুদানবহির্ভূত সকলের নাম পৃথকভাবে থাকিবে)।

(ঝ) সকল কাগজপত্র গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হইতে হইবে।

(আফরোজা বেগম)
পরিচালক, ব্যানবেইস
শিক্ষা মন্ত্রণালয়
ফোন ঃ ৫০৭২৪৪।

ডিএফপি-৫০৫৫-১/৩
বি-২০৮৩ (৮X২)